



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (২য় সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৩৪১.১৪- ৬৭২

তারিখ: ০৩/১০/২০১৭ খ্রিস্টাব্দ।

কারণ দর্শানো নোটিশ

- প্রকল্পের কালিয়া উপজেলার মাঠ সংগঠক জনাব মোঃ আব্দুল খালেক এর বিরুদ্ধে নিম্নোক্ত অভিযোগের জন্য কারণ দর্শানো হলোঃ
- ১। যেহেতু, জনাব মোঃ আব্দুল খালেক, মাঠ সংগঠক, ইরেসপো, কালিয়া, নড়াইল উক্ত উপজেলার উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার স্বাক্ষর জাল করে তাঁর অজ্ঞাতসারে নন জুডিসিয়াল স্ট্যাম্পের মাধ্যমে জনাব সোহান শেখের নিকট হতে ৫০,০০০.০০ টাকা ধার গ্রহণের মাধ্যমে প্রতারণা করেছেন। এজন্য আপনি দায়ী এবং;
  - ২। যেহেতু, জনাব মোঃ আব্দুল খালেক, মাঠ সংগঠক, ইরেসপো, কালিয়া, নড়াইল অত্র প্রকল্পের কোন সমিতির সদস্য নন এমন একজন মহিলা জনাব শাহিদা বেগম শিখাকে অনিয়মতান্ত্রিকভাবে সরসপুর পূর্ব পাড়া মহিলা সমিতির ০৫ (পাঁচ) জন সদস্য ও সরসপুর উত্তর পাড়া মহিলা সমিতির ০৩ (তিন) জন সদস্যের নামের ঋণের মোট = ১৩৭০০০.০০ টাকা প্রদান করেছেন যা আপনার দায়িত্ব পালনে অবহেলা, উদাসীনতা, অর্থ তসরুপ, প্রতারণা ও দূর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাতজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধ। এজন্য আপনি দায়ী এবং;
  - ৩। যেহেতু, জনাব মোঃ আব্দুল খালেক, মাঠ সংগঠক, ইরেসপো, কালিয়া, নড়াইল সরসপুর মহিলা সমিতির ম্যানেজার জনাব রেনু বেগম কে অনিয়মতান্ত্রিকভাবে সরসপুর মহিলা সমিতির ০৬ (ছয়) জন সদস্যের নামের ঋণের মোট= ১৩৭০০০.০০ টাকা প্রদানসহ সরসপুর উত্তর পাড়া মহিলা সমিতির সদস্য জনাব সুলতানা বেগমের ঋণের ১৬০০০.০০ টাকা প্রদান করেছেন। আবার দক্ষিণ যোগানিয়া মহিলা সমিতির ম্যানেজার জনাব মুন্নি বেগম কে অনিয়মতান্ত্রিকভাবে দক্ষিণ যোগানিয়া মহিলা সমিতির ০৬ (ছয়) জন সদস্যের নামের মোট= ৯৯০০০.০০ টাকা এবং সভাপতি রেবা বেগম কে ০২ (দুই) জন সদস্যের নামের ঋণের মোট ৪০০০০.০০ টাকা প্রদান করেছেন। এছাড়া দক্ষিণ যোগানিয়া বাজার পাড়া মহিলা সমিতির সদস্য জনাব রোকসানা বেগমকে অনিয়মতান্ত্রিকভাবে লিজা বেগমের নামের ঋণের ১৫০০০.০০ টাকা প্রদান করেছেন যা আপনার দায়িত্ব পালনে অবহেলা, উদাসীনতা, অর্থ তসরুপ, প্রতারণা ও দূর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাতজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধ। এজন্য আপনি দায়ী;
  - ৪। যেহেতু, আপনার উপরোক্ত কার্যকলাপ আপনার চুক্তিভিত্তিক নিয়োগের শর্ত মোতাবেক দায়িত্ব পালনে উদাসীনতা, অবহেলা, অর্থ তসরুপ, প্রতারণা ও দূর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাতজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধ।
  - ৫। এক্ষণে, সেহেতু জনাব মোঃ আব্দুল খালেক, মাঠ সংগঠক, ইরেসপো, কালিয়া, নড়াইল কে দায়িত্ব পালনে উদাসীনতা, অবহেলা, অর্থ তসরুপ, প্রতারণা ও দূর্নীতির মাধ্যমে অর্থ আত্মসাতজনিত গুরুতর শাস্তিযোগ্য অপরাধের অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগ কেন আপনাকে চুক্তিভিত্তিক নিয়োগ হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হবে না কিংবা অন্যবিধ শাস্তি আরোপ করা হবে না, তার লিখিত জবাব পত্র প্রাপ্তির ৭(সাত) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার নির্দেশ প্রদান করা হলো।

প্রাপক,

জনাব মোঃ আব্দুল খালেক,  
মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি,  
উপজেলাঃ কালিয়া,  
জেলাঃ নড়াইল

প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।